দর্শনায় ভোক্তা অধিকারের অভিযান দুই প্রতিষ্টানকে জরিমানা

দর্শনায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে দুই প্রতিষ্টানের জরিমানা আদায় করেছে।

জানাযায় বুধবার (৩১ জানুয়ারি) দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা রেল বাজারে ভোক্তা অধিকারের চুয়াডাঙ্গার সহকারি পরিচালক সজল আহমেদ অভিযান চালায় মেসার্স সাদিয়া কসমেটিকস দোকানে।

এ সময় মেসার্স সাদিয়া কসমেটিক্স এ ভেজাল পণ্য বিক্রি করার অপরাধে দোকান মালিক আনিসুজ্জামানকে ২ হাজার টাকা জরিমানা আদায় করে। পরে দর্শনা আজমপুর গ্রামস্থ মেসার্স মামা ফুড প্রোডাক্টস (চানাচুর ফ্যাক্টরিতে অভিযান চালায়। অভিযান চালিয়ে মেসার্স মামা ফুড প্রোডাক্টস/ চানাচুরের ফ্যাক্টরিতে খাদ্যের সহিত নিষিদ্ধ রং মেশানো এবং অস্বাস্থ্যকর বা নোংরা পরিবেশ থাকার কারণে ফ্যাক্টরির মালিক মোঃ মামুনুর রশিদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪২ ধারা মোতাবেক ২০হাজার টাকা জরিমানা করে।

এ অভিযানে দর্শনা থানা পুলিশের একটি চৌকস টিম অংশ নেয়।

দর্শনায় কেরু সিবিএ নির্বাচনী প্রচরণা শুরু করলেন মাসুদ সংগঠন

দর্শনা কেরুজ সিবিএ নির্বাচন আগামী বছর ২৫ সালের ফেব্রুয়ারি মাসে।তাই আগাম প্রচারনায় নামলেন মাসুদ সংগঠনের উত্তরসূরি সৌমিক হাসান রুপম।

আজ রবিবার (২৮ জানুয়ারি) সন্ধা থেকে বয়লিং হাউজ,ফিডার কারখানা ডিষ্টিলারীসহ বিভিন্ন জায়গায় শ্রমিকদের কাছে ভোট চাইলেন সৌমিক হাসান রুপম।

কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ বলেন,আমার চাকুরী নভেম্বর দিকে শেষ হয়ে যাচ্ছে তাই আমি আমার উত্তরসূরি হিসাবে আমার ছেলেকে মাসুদ সংগঠনের কর্মীদের রুপমের কাছে তুলে দিলাম। তাই আগামী নির্বাচনে আমার ছেলেকে সাধারন সম্পদক হিসাবে আজ থেকে নির্বাচনী প্রচারনা শুরু করলাম।

এ সময় নির্বচনী প্রচারণায় উপস্থিত ছিলেন, কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, মাওলা বক্স, সিডিএ এনায়েতুল্লাহ, আব্দুল মান্নান জামাত আলী, শহিদুল ইসলাম,সহ সম্পাদক মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক ইকবাল হোসেন, কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সদস্যসদস্য শরিফুল ইসলাম, সদস্য আমিনুল, সদস্য মজিবর, ইদ্রিস,আজাদুল ইসলাম দপ্তর সম্পাদক সালাউদ্দিন সনেট, আতিয়ার হেড ক্যাশিয়ার রেজানুর রাজিব, হিসাব সহকারী বুলু আমিন, হিসাব সহকারী মনির উদ্দিন ভৃইয়া, ওয়ে পি খন্দকার কায়েস আব্দুল্লা, সাজেদুর রহমান তুফান, আরিফুল ইসলাম আরুক, ড্রাইভার আলামিন শেখ, হেলফার আমজাদ আলী, ডলার, শান্ত, রকি, সিডিএ আব্দুল কাদের মাঈন উদ্দিন, আকবার বাবু, মশিউর রহমান, মাহবুবুর রহমান, সিডিএ এস এম জাহাঙ্গীর, সি আইসি আসাদুজ্জামান, সি আই সি কাজল চন্দ্রদাস, ক্যাশিয়ার মতিউল, লিটন, আতিয়ার, সাজু সবুজ, সদস্য মহায়মানুল হাসান রকি, মতিয়ার বড় বাবু সাহেব আলী শিকদার, সাকি মাহমুদ, সুইট সাইদ ড্রাইভার, জিন্টু ড্রাইভার, লিটন বয়লার, ফিরোজ আহম্মেদ টিটু, জিল্লু, শাহিন ইমরান,কবির প্রমুখ।

দর্শনায় কেরুর অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ

ট্রাস্টের সভা

দর্শনা ঐতিহ্যবাহী কেরু চিনিকলের অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারী কল্যাণ ট্রাস্টের ২য় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল দশটার দিকে কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলীর নেতৃত্বাধীন সূর্যসেনা শ্রমজীবী সংগঠনের অফিস প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়।

সূর্যসেনা শ্রমজীবী সংগঠনে প্রতিষ্ঠাতা সভাপতি ও কল্যান ট্রাস্টের আহবায়ক (সিআইসি) হাফিজুল ইসলাম প্রধান আলোচক হিসাবে বক্তব্যে বলেন, সংস্থাটি প্রতিষ্ঠিত হওয়ার পর কেরুর অবসরপ্রাপ্ত শ্রমিক ও কর্মচারীদের কল্যাণে অবিরাম কাজ করে যাচ্ছে। এরই মধ্যে দীর্ঘদিনের প্রতীক্ষিত ১৮ মাসের অর্জিত ছুটির বকেয়া অর্থ বাস্তবায়নের পথে।

তিনি বলেন কর্তৃপক্ষ, শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ উক্ত সংস্থাটির নেতাকর্মীদের প্রতিশ্রুতি দিয়েছে আগামী ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহে আঠারো মাসের অর্জিত ছুটির বকেয়া অর্থ প্রদান করা হতে পারে। এছাড়া কর্তনকৃত সংরক্ষিত ৫% এর অর্থ ফেরত প্রদানের ও নিষ্পত্তিকৃত অডিট আপত্তির অর্থ ফেরত দেওয়ার জন্য বক্তারা দাবি রাখেন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, সদস্য সচিব জুলফিকার হায়দার, সাংগঠনিক সম্পাদক শাহ আলম, দপ্তর সম্পাদক মোশাররফ হোসেন, ক্যাশিয়ার আহমদ হোসেন, কার্যকরী সদস্য আব্দুল জলিল, আব্দুল হান্নান, আতিয়ার রহমান, একরামুল হক।

দর্শনায় দুই চাউল ব্যবসায়ীকে

ভ্রাম্যমান আদালতে জরিমানা

দর্শনায় দুই চাউল ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৪ জানুয়ারি) দুপুরে শহরের দর্শনা রেল বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এ জরিমানা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন দামুড়হুদা উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট রোকসানা মিতা।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, আজ দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভা এলাকায় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, অবৈধ মজুদদারি প্রতিরোধ, এবং পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়। এসময় পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার না করার কারণে পণ্যে পাটজাত মোড়ক বাধ্যতামুলক ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০১০ এর আওতায় দুইজন ব্যবসায়ীকে জরিমানা প্রদান করা হয়।

এ সময় চাউল ব্যবসায়ী বাশার আলী,আব্দুর রহমানকে ,চাউলের দাম বেশি রাখায় ও প্লাষ্টিকের মোড়ানো বস্তায় রাখার অপরাধে দুই ব্যবসায়ীকে ১ হাজার টাকা করে দুই ২ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমান আদালত। এ অভিযানে অংশ নেয় দর্শনা থানার একটি চৌকস টিম।

দর্শনা পৌরবাসির পক্ষ থেকে ৪র্থ বারের মত এমপি নির্বাচিত হওয়ায় গণসংবর্ধনা

৪র্থ বারের মত নির্বাচিত সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার (টগর) এমপিকে দর্শনা পৌরবাসীর পক্ষ থেকে গণ-সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দর্শনা কলেজ মাঠে দর্শনা পৌরসভার আয়োজনে এ গণ সংবর্ধনা অনুষ্ঠিত হয়।

কলেজ ছাত্রলীগ, প্রবীণ কমিটি, রাজনৈতিক, সমাজিক, সাংস্কৃতিক, ব্যাবসায়ী, পেশাজীবী সংগঠন ও সুধি সমাজ।

দর্শনার ছয়ঘরিয়ায় বিষপানে ব্যবসায়ীর মৃ*ত্যু

দর্শনার ছয়ঘরিয়ায় ঝনের বোঝা সইতে না পেরে এক ব্যবসায়ী শফিউদ্দিন ঝন্টু (৪৮),ঘাস মারা বিষপান করে আত্নহত্যা করেছে। সে দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া গ্রামের মৃত্য আব্দুর রহমানের ছেলে।

জানাগেছে গত ২১ জানুয়ারি রাত ১০ টার দিকে বাড়িতে থাকা ঘাস মারা বিষপান করে। আশেপাশের লোকজন তাকে চুয়াডাঙ্গা হাসপাতালে নিয়ে যান। হাসপাতালের চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন।

রাজশাহী মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আজ সোমবার দুপুর আড়াইটার দিকে মারা যায়।
পারিবারিক সুত্রে জানাযায়, তিনি পেশায় একজন ভুসি মালের ব্যবসায়ী এরই সূত্র ধরে বিভিন্ন এনজিও হতে লোনসহ অন্যান্য স্থানে দেনাদায়ে জর্জরিত হয়ে মানসিক টেনশনে বিষ পান করে আত্মহত্যা করছে। গতকালই তার লাশ গ্রামের কোবরস্থানে দাফন সম্পর্ন হয়েছে।

দর্শনায় গাঁজা সহ নাস্তিপুরের আকাশ গ্রেফতার

দর্শনায় গাঁজাসহ নাস্তিপুরের আমিনুল হক ওরফে আকাশ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ বুধবার সন্ধা পৌনে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই সোহেল রানা সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন নাস্তিপুর গ্রামে।

এসময় গ্রামের পশ্চিমপাড়ার মানিক হোসেনের পূর্ব দুয়ারী পাকা বাড়ির গেট সংলগ্ন গলির রাস্তার উপর হতে আমিনুল হক ওরফে আকাশ (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে ৫ শত গ্রাম গাঁজাসহ গ্রেফতার করেন। ফলে পুলিশের অভিযান টেরপেয়ে পালিয়েছে মানিক হোসেনের স্ত্রী দেলোয়ারা খাতুন ওরফে পাখি (৪৫)।

গ্রেফতারকৃত আমিনুল হক ওরফে আকাশ দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের বাসিন্দা ও ইসরাফিল হোসেনের ছেলে।

এ ঘটনায় পুলিশ গ্রেফতারকৃত ও পলাতক আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করেছে।

দর্শনার বাড়াদী বিলের জোরপূর্বক মাছ ধরে নিয়েছে আকরাম ও তার দলবল

লিজের টাকা তো দিলোই না। অপরদিকে মেয়াদ শেষ হওয়ার পর আমার ছাড়া দেশী মাছগুলো জোর পূর্বক ধরে নিয়ে গেলো।

কান্না জড়িত কন্ঠে কথাগুলো বলেছে ছয়ঘরিয়া গ্রামের মৃত আলমগীর আল্লামা ইকবাল এর ছেলে আবু খালিদ মোঃ শমসের আলী। গত বাংলা-১৪৩১ সালের শ্রাবন মাসে আবু খালিদ মোঃ শমসের আলী বাড়াদী বীলে ৬৩৭ দাগে ৪ বিঘা জলকারের ৩ লাখ ৬ হাজার টাকায় জোর পূর্বক লিজ নেই বারাদি গ্রামের মাঝ পাড়ার মৃত মোজ্জাফর আলীর ছেলে আকরাম হোসেন (৬০)।

গত ৩০ শে-১৪৩১ পৌষ এ জোরপূর্বক লিজের মেয়াদ শেষ হওয়ার আগেই

ভেড়ী বাধেঁর মাছ ধরে নেয়। এরপরও গতকাল আবু শমসের এর জলকারে বিশ প্রয়োগ করে শ্যালো মেশিন দিয়ে পানি নিস্কাশন করে প্রায় ২ লাখ টাকা মুল্যের দেশী মাছ জোরপূর্বক ধরে নেয়। এমনকি এলাকার মানুষ লেলিয়ে দিয়ে সমস্ত মাছ ধরে নেয়। জোরপূর্বক লিজের ২লাখ ৫০ হাজার ৬শত টাকা দেয়নি। বরং দেশী মাছগুলোও ধরে নিয়ে গেছে বাড়াদী গ্রামের মৃত মোজ্জাফর আলীর ঝেলে আকরাম হোসেন (৬০) ও একই গ্রামের মোতালেব আলীর ছেলে ইলিয়াস হোসেন (৪৫)। বড়বলদিয়া গ্রামের ন্যাড়া মিয়ার ছেলে মামুন (৪২) ও সাড়াবাড়িয়া গ্রামের নাজমুল ইসলাম। এমনি অভিযোগ করেছে আবু খালিদ মোঃ শমসের।

এ বিষয় আবু খালিদ মোঃ শমসের আরো বলেন, এছাড়া আমার জমির সমস্ত কাগজপত্র থাকা স্বত্তেও কিছু প্রভাশালী রাজনৈতিক প্রভাব খাটিয়ে এভাবে আমার জলকার ও জমিতে ধান চাষ করে আসছে। তিনি আরো বলেন, থানায় অভিযোগ করেও ফলাফল পাইনি।

এ বিষয় আকরাম হোসেন বলেন, আমরা জমি লিজ বাবদ ৫০ হাজার টাকা দিয়েছি এবং দেড় মন খাওয়ার মাছ দিয়েছি। আমরা নিয়ম মাফিক লিজ নিয়েছি এবং লিজের চুক্তিনামায় গ্রামের ৩শত জনের স্বাক্ষর আছে।

এ ক্ষেত্রে আবু খালিদ মোঃ শমসের বলেন, আমাকে শুধুমাত্র ৩০ কেজি তেলাপিয়া মাছ আর ৫০ হাজার টাকা দেয়। এছাড়া আর কিছুই পায়নি। বাকি টাকা তো দেয়নি এবং আমাকে প্রান নাশের হুমকি দিচ্ছে। আমি এর সুষ্ঠু বিচার দাবি করছি প্রশাসনের কাছে।

দর্শনায় শীতার্থ মানুষের মাঝে কম্বল বিতরণ

দর্শনায় বুয়েট-৮৭ ফাউন্ডেশনের সহযোগিতায় এবং বন্ধুজন-৮৯ এর উদ্যোগে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে।

আজ সোমবার বিকাল ৫টার দিকে শীতবস্ত্র কম্বল দর্শনা থানাপাড়, জীবননগর, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার কয়েকটি ইউনিয়নের হতদরিদ্র মানুষের মাঝে এ কম্বল বিতরণ করা হয়েছে।

দর্শনায় বন্ধুজন-৮৯ এর ছড়িয়ে ছিটিয়ে থাকা বন্ধুদের মাধ্যমে ২০০শত জন শীতার্থ মানুষের মাঝে এসব কম্বল বিতরণ করা হয়। দর্শনায় বন্ধুজন-৮৯ ব্যাচ দর্শনা সরকারী কলেজের ছাত্র আব্দুস সামাদ বিপু, মিনাজ উদ্দিন ও লাড্ডান, জীবননগরে আজিজুল হক ও আব্দুল হাকিম এবং ইমরোজ আলী এসব কম্বল গুলো বিতরণ করা হয়েছে।

দর্শনার হাফেজ নকীব ঢাবির মার্স্টাস সমাপনী পরীক্ষায় ১ম হলেন

দর্শনার হাফেজ সায়ীদ নকীব ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগ থেকে মার্স্টাস সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করে এবার মেধা তালিকায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছে।

আজ সোমবার প্রকাশিত ফলাফলে সে সিজিপিএ পেয়েছে ৪ এর মধ্যে ৪। ইতিপূর্বে অর্নাস পরীক্ষায় ৪ এর মধ্যে ৩.৮৫ পেয়ে প্রথম শ্রেণীতে দ্বিতীয় হয়েছিল। নকীব ঝিনাইদহ সিদ্দিকীয়া কামিল মাদরাসা থেকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল ও আলিম পরীক্ষায় অংশ গ্রহণ করে উভয় পরীক্ষায় গোল্ডেনসহ জিপিএ-৫ পেয়েছিল।

সে জেলার দর্শনার বিশিষ্ট আলেম দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রাক্তন ধর্মীয় শিক্ষক মরহুম মাওলানা এবিএম আব্দুল লতিফ ও রোকেয়া বেগমের এর কনিষ্ঠ সন্তান।

হাফেজ নকীব ঢাবিতে বিএনসিসিসহ বিভিন্ন প্রতিযোগীতায় প্রতিভার স্বাক্ষর রেখেছে। সে শিক্ষা গবেষনায় উচ্চতর ডিগ্রী অর্জন করতে চায়। নকীব সকলের দোয়া প্রার্থী।